# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 26-08-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্য সরকারি কর্মীদের বকেয়া মহার্ঘ্যভাতা সংক্রান্ত মামলার শুনানি, আজ সুপ্রিম কোর্টে ফের পিছিয়ে গেছে।

২) রাজ্যের প্রায় ৯৪ হাজার বুথের পরিকাঠামো উন্নয়নের প্রয়োজন নির্ধারণে সমীক্ষা শুরু করেছে নির্বাচন কমিশন।

৩) সিবিআই, ইডি, সিআইডি সহ বিভিন্ন কেন্দ্রীয় সরকারি অফিসারের পরিচয় দিয়ে প্রতারণার অভিযোগে ডায়মন্ড হারবারে চক্রের মাস্টার মাইন্ড সহ ছজন গ্রেপ্তার।

৪) উত্তর পশ্চিম বঙ্গোপসাগর ও সংলগ্ন ওড়িশা উপকূলে তৈরি হওয়া নিম্নচাপ অঞ্চলটি আগামী ৪৮ ঘন্টায় সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা।

লাগাতার বৃষ্টি ও জমা জলের দরুণ ডেঙ্গু সংক্রমণের হার বাড়তে থাকায় স্বাস্থ্য ভবন ও পুর দপ্তরকে যৌথভাবে কাজের নির্দেশ দিয়েছে রাজ্য সরকার।

৫) আকাশবাণী কলকাতার ৯৮ তম বার্ষিকী এবং অল ইন্ডিয়া রেডিও-র ৯০ তম প্রতিষ্ঠা দিবসে আজ কলকাতার কলা মন্দিরে এক মনোজ্ঞ সঙ্গীতানুষ্ঠানের আয়োজন করা হয়েছে।--

---

রাজ্য সরকারি কর্মীদের বকেয়া মহার্ঘ্যভাতা সংক্রান্ত মামলার শুনানি, আজ সুপ্রিম কোর্টে ফের পিছিয়ে গেছে। রাজ্যের আইনজীবিরা সাংবিধানিক বেঞ্চে বিচারাধীন অন্য একটি মামলার শুনানিতে ব্যস্ত থাকায় DA সংক্রান্ত মামলার শুনানি পিছিয়ে দেওয়ার আর্জি জানান। ১০'ই সেপ্টেম্বরের পর মামলাটি শোনার অনুরোধ জানানো হলে, শীর্ষ

আদালতের দুই বিচারপতি সঞ্জয় কারোল এবং পি কে মিশ্রার বেঞ্চ, তা' মঞ্জুর করে। তবে, কবে এই মামলার শুনানি হবে, তা' জানা যায়নি।

এর আগে শীর্ষ আদালত রাজ্যকে বকেয়া DA-র ২৫ শতাংশ ৬'সপ্তাহের মধ্যে মিটিয়ে দেওয়ার নির্দেশ দিয়েছিল। সেই সময়সীমার মধ্যে রাজ্য, সরকারি কর্মীদের DA দেয়নি। তার বদলে আদালতের কাছে ৬'মাস সময় চাওয়া হয়। সেই আবেদনের ভিত্তিতেই গত চৌঠা আগস্ট থেকে সাত তারিখ পর্যন্ত সুপ্রিম কোর্টে এই মামলার টানা শুনানি হয়। তারপর এই নিয়ে আরো দুবার শুনানি পিছিয়ে গেলো।

--------------------

শুনানি শেষ হওয়ার পরেও হাইকোর্টগুলির রায় ঘোষণায় দীর্ঘ বিলম্বের বিষয়ে সুপ্রিম কোর্ট গভীর উদ্বেগ প্রকাশ করেছে। শীর্ষ আদালত এবিষয়ে সতর্ক করে দিয়ে বলেছে এর ফলে বিচার প্রক্রিয়ার উপর মামলাকারীদের বিশ্বাস হারাচ্ছে। বিচারপতি সঞ্জয় কারোল এবং বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রের বেঞ্চ বলেছে, কোনো মামলায় বিচারপতি রায় সংরক্ষিত রাখার তিন মাসের মধ্যে চূড়ান্তভাবে ঘোষণা না করলে সংশ্লিষ্ট উচ্চ আদালতের রেজিস্ট্রার জেনারেলকে সেই হাইকোর্টের প্রধান বিচারপতির কাছে তা জানাতে হবে। প্রধান বিচারপতি সংশ্লিষ্ট বেঞ্চকে দুই সপ্তাহের মধ্যে রায় ঘোষণা করার জন্য নির্দেশ দেবেন। যদি তা সত্ত্বেও ঐ বেঞ্চ চূড়ান্ত রায় না ঘোষণা করে তাহলে প্রধান বিচারপতি অন্য কোনো বেঞ্চকে সংশ্লিষ্ট মামলাটি শুনানির জন্য পাঠাবেন।

--------------------

নির্বাচন কমিশন রাজ্যের প্রায় ৯৪ হাজার বুথের পরিকাঠামো উন্নয়নের প্রয়োজন নির্ধারণে সমীক্ষা শুরু করছে। কমিশনের নির্দেশে রাজ্য সরকারের অধীনস্থ সংস্থা 'দ্য ম্যাকিন্টশ বার্ন লিমিটেড' এই সমীক্ষার কাজ করবে। সংস্থার প্রতিনিধিদের প্রতিটি বুথে সরজমিনে গিয়ে পরিকাঠামোর অবস্থা খতিয়ে দেখে রিপোর্ট পেশ করবেন। সেই রিপোর্টের ভিত্তিতে কমিশন পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবে। আগে থেকেই নির্বাচন কমিশন জানিয়েছিল, ভোটারদের সুবিধার্থে একটি বুথে ন্যূনতম পরিকাঠামো থাকা বাধ্যতামূলক। ভোটগ্রহণ কেন্দ্রে টেবিল, চেয়ার, বেঞ্চ এবং বিদ্যুৎ সংযোগ থাকতে হবে। পর্যাপ্ত পানীয় জলের ব্যবস্থা রাখতে হবে। ভোটকেন্দ্রের অবস্থান অবশ্যই নিচ তলায় হতে হবে, উপরের তলায় নয়। বিশেষভাবে সক্ষম, অন্তঃসত্ত্বা এবং প্রবীণ ভোটারদের জন্য বসার ব্যবস্থা রাখা বাধ্যতামূলক। হুইলচেয়ার ওঠানো-নামানোর জন্য র‍্যাম্প থাকা আবশ্যক।বর্তমানে রাজ্যে মোট বুথের সংখ্যা ৮০,৬৮১। নতুন বুথ তৈরি হলে মোট সংখ্যা প্রায় ৯৪ হাজারে পৌঁছাবে।

--------------------

রাজ্যে, জন্মসংখ্যার তুলনায় ভোটার তালিকায় অধিক নাম তোলা হয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, শাসক দলের মদতে গত ১০ বছরে মৃত ব্যক্তি, বাংলাদেশি অনুপ্রবেশকারী এবং রোহিঙ্গাদের নাম ভোটার তালিকায় যুক্ত হওয়ায়, প্রকৃত ভোটার সংখ্যার সঙ্গে তফাত বেড়েছে। সমস্যার সমাধানে জন্মের শংসাপত্র এবং ভোটার তালিকা মিলিয়ে দেখার জন্য নির্বাচন কমিশন জেলা শাসকদের নির্দেশ দিয়েছেন বলে তিনি জানান। অবিলম্বে রাজ্যে তালিকার নিবিড় সংশোধন হওয়া প্রয়োজন বলে'ও বিরোধী দলনেতা মোট ব্যক্ত করেন।

(বাইট- শুভেন্দু)

ওই বৈঠক থেকে শুভেন্দুবাবু জানান, বিজেপি ক্ষমতায় এলে কেন্দ্রীয় সংস্থা নয়, রাজ্যের পুলিশ প্রশাসনই দুর্নীতিগ্রস্থদের বিরুদ্ধে পদক্ষেপ নেবে।

আদিবাসিদের ওপর সাম্প্রতিক আক্রমণের নিন্দা করে তিনি বলেন, রাজ্য সরকার নিজেদের স্বার্থে সরকারি চাকরি থেকে সংরক্ষণ তুলে দিচ্ছে।

--------------------

অবৈধভাবে ভারতে বসবাসের অভিযোগে ভারত-নেপাল সীমান্তে এসএসবি, অরুণ কান্তি রায় নামে এক বাংলাদেশী নাগরিককে আটক করে পুলিশের হাতে তুলে দিয়েছে। বাংলাদেশের লালমনিরহাট জেলার বাসিন্দা ঐ ব্যক্তির কাছ থেকে উদ্ধার হয়েছে সেদেশের একটি পরিচয় পত্র। জানা গেছে,প্রায় তিন বছর আগে অবৈধভাবে ভারতে প্রবেশের পর খড়িবাড়ির গৌরসিং গ্রামে নাম পরিবর্তন করে অর্ঘ্য বর্মন নামে আধার, প্যান কার্ড সহ একাধিক ভারতীয় নথি তৈরি করে বসবাস শুরু করেন।

ধৃতকে আজ শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হয়। পুলিশ জানিয়েছে,তাকে রিমান্ডে নিয়ে গোটা ঘটনার সঙ্গে কারা জড়িত আরো তদন্ত করে দেখা হবে।

--------------------

মুর্শিদাবাদের রানিতলা থানার পুলিশের হাতে গতকাল ধরা পড়া চার বাংলাদেশী অনুপ্রবেশকারীকে আজ লালবাগ আদালতে তোলা হলে, বিচারক তিন দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছেন। ধৃতরা সকলেই বাংলাদেশের রাজশাহীর বাসিন্দা। এদের কাছে কোনো বৈধ কাগজপত্র ছিলনা।

---------------------

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ বর্ধমান মিউনিসিপ্যাল হাইস্কুল মাঠে দুই বর্ধমান জেলার জন্য সড়ক নির্মাণ সহ একাধিক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন। উদ্বোধন হওয়া প্রকল্পগুলির মধ্যে রয়েছে আসানসোলের কল্যাণপুরে জেলাশাসক ও পুলিশ কমিশানারেটের নতুন ভবন। সভা থেকে তিনি কৃষি ও বসত জমির পাট্টা প্রদান, ‘সবুজ সাথী’ প্রকল্পের অধীনে পড়ুয়াদের হাতে বাই-সাইকেল তুলে দেওয়া সহ বিভিন্ন প্রকল্পের সুবিধা উপোভোক্তাদের প্রদান করেন।

মুখ্যমন্ত্রী বলেন, শিক্ষার উন্নয়নে পরিবেশ বান্ধব এই প্রকল্পের ভূমিকা অত্যন্ত তাৎপর্যপূর্ণ। পরিযায়ী শ্রমিক ইস্যুতে তিনি আজও সরব হন, ভিন রাজ্যে কাজে যাওয়া শ্রমিকদের রাজ্যে ফিরে আসার আহ্বান জানান তিনি।

এদিকে, মুখ্যমন্ত্রীর সভা চলাকালীন টেট উত্তার্ণ চাকরী প্রার্থীরা নিয়োগ নিয়ে তার হস্তক্ষেপ দাবি করে প্ল্যাকার্ড তুলে ধরে। সাংবাদিকরা সেই ছবি তুলতে গেলে সাময়িক বিশৃঙ্খলার সৃষ্টি হয়। মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্য থামিয়ে দেন। তবে, চাকরী প্রার্থীদের দাবি নিয়ে তিনি কোনো মন্তব্য করেন নি।

স্কুলের মাঠে আজকের প্রশাসনিক সভার জন্য স্কুলের সময়সূচির বদল এবং মাঠে গর্ত করে মঞ্চ তৈরি হওয়ায়, বাচ্চাদের ক্রিকেট শেখার দুটি পিচ ক্ষতিগ্রস্থ হয়েছে বলে অভিযোগকে কেন্দ্র করে বিতর্ক শুরু হয়।

তবে স্কুলের সহকারী প্রধান শিক্ষক জানান,  স্কুলে ছুটি ঘোষণা করা হয়নি, শুধু সময়সীমার পরিবর্তন করা হয়েছে। মাঠের তেমন ক্ষতি হয়নি বলেও তাঁর দাবী।

---------------------

এদিকে, ভিন রাজ্যে পরিযায়ী শ্রমিকদের হেনস্থা নিয়ে মুখ্যমন্ত্রীর বক্তব্যের সমালোচনা করেছে বিজেপি। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেন, দেশের কোথাও পরিযায়ী শ্রমিকদের নিয়ে কোনো সমস্যা নেই। বরং মুখ্যমন্ত্রীর বক্তব্যে ভিন রাজ্যের বাঙালিরা লজ্জিত।

রাজ্য সভাপতি জানান, কোভিডের সময় রাজ্য সরকার পরিযায়ী শ্রমিকদের পরিসংখ্যান দিতে পারেনি। অথচ, বর্তমানে ২২'লক্ষ পরিযায়ী শ্রমিকের সংখ্যা মুখ্যমন্ত্রী কোথা থেকে পেলেন তিনি সে বিষয়ে প্রশ্ন তোলেন।

---------------------

এবারের খবরের আয়নার বিষয় প্রধানমন্ত্রীর পশ্চিমবঙ্গ ও বিহার সফরে, পূর্ব ভারতের উন্নয়নের নতুন অভিমুখ। মতামত দিয়েছেন পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক দীপ্তিময় দত্ত। কলকাতা মেট্রোর জনসংযোগ আধিকারিক রূপায়ণ মিত্র ও ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট কলকাতার অবসরপ্রাপ্ত অধ্যাপক সুজয়া বসু। সংকলন অভিজিৎ চক্রবর্তী। এটি শোনা যাবে, আজ রাত আটটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে।

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৫-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

---------------------

স্পটলাইট আলোচনার এবারের বিষয় ভারতের মহাকাশ গবেষণা ও ভবিষ্যৎ কর্মসূচি। ইন্ডিয়ান সেন্টার ফর স্পেস ফিজিক্স এর ডিরেক্টর প্রফেসর সন্দীপ চক্রবর্তীর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

**আজ শুনবেন প্রথম পর্ব**। আলোচনাটি শোনা যাবে আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে ।

**দ্বিতীয় তথা শেষ পর্ব শুনবেন আগামী বৃহস্পতিবার**।

---------------------

সিবিআই, ইডি, সিআইডি সহ আরও অন্যান্য কেন্দ্রীয় সরকারের অফিসার পরিচয় দিয়ে মানুষজনকে ভয় দেখিয়ে টাকা আদায় ও প্রতারণার অভিযোগে দক্ষিণ ২৪ পরগণার ডায়মন্ড হারবারে প্রথমে পাঁচজনকে গ্রেপ্তার করা হয়। ধৃত সুজাউদ্দীন শেখ, গোপাল বারিক, সন্দীপ বর্মন, মোস্তাকিন মোল্লা এবং জামাল হালদারকে জেরা করে জানা গেছে, এদের মাস্টার মাইন্ড কলকাতার লেক থানা এলাকার বাসিন্দা ফাল্গুনী চ্যাটার্জী। আজ সন্ধ্যায় পুলিশ তাকেও পাকড়াও করে। প্রতারিতদের কাছ থেকে অভিযোগ পেয়েই পুলিশ তদন্ত শুরু করে। ডায়মন্ড হারবার পুলিশ জেলার অতিরিক্ত পুলিশ সুপার মিতুন কুমার দে জানিয়েছে, অভিযোগ আসার পরই এদের গতিবিধির ওপর নজর রাখা হয়। ধৃত এই দলটির প্রধান অফিস দক্ষিণ দিনাজপুরে। এরা একটি

সংগঠন খুলে লোগো, ব্যাজ, আইকার্ড তৈরি করে তার যথেচ্ছ ব্যবহার করত। এমনকি সরকারি লোগো নকল করার অভিযোগও রয়েছে এদের বিরুদ্ধে।

---------------------

স্থানীয়ভাবে বজ্র গর্ভ মেঘের কারণে আজ পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং দক্ষিণ ২৪ পরগনা জেলায় বিক্ষিপ্ত ভাবে দমকা হাওয়া এবং বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তর পশ্চিম বঙ্গোপসাগর এবং সংলগ্ন ওড়িশা উপকূলে আজ সকালে একটি নিম্নচাপ অঞ্চল তৈরি হয়। এর ফলে আগামী ৪৮ ঘন্টায় এটি একটি সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হতে পারে। যদিও এর কোনো প্রত্যক্ষ প্রভাব এরাজ্যে পড়বে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। সমুদ্র উত্তাল থাকার সম্ভাবনায় মৎস্যজীবীদের বৃহস্পতিবার পর্যন্ত ওড়িশা উপকূলের দিকে যেতে নিষেধ করা হয়েছে।

উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার এবং উত্তর দিনাজপুর জেলায় হলুদ সর্তকতা জারি করা হয়েছে।

এদিকে, রাজ্যে লাগাতার বৃষ্টি ও জমা জলের দরুণ ডেঙ্গু সংক্রমণের হার বাড়ছে। গত রবিবার পর্যন্ত আক্রান্তের সংখ্যা চার হাজার ছাড়িয়েছে। মুর্শিদাবাদ জেলায় আক্রান্ত সর্বাধিক ৪৭৬। এরপরই রয়েছে নদীয়া, উত্তর ২৪ পরগণা, হুগলী, মালদা ও কলকাতা। পরিস্থিতি সামাল দিতে স্বাস্থ্য ভবন ও পুর দপ্তরকে যৌথভাবে কাজ করার নির্দেশ দেওয়া হয়েছে। ১৫ দিন অন্তর পরিস্থিত পর্যালোচনার জন্য বৈঠক করতেও বলা হয়েছে।

---------------------

যাত্রীদের সুবিধায় মেট্রো রেল আজ থেকে তাদের সব করিডরে কাগজ ও মোবাইলে অ্যাপ থেকে কিউ আর কোড ভিত্তিক টিকিট দেওয়ার কাজ শুরু করেছে। আমার কলকাতা মেট্রো অ্যাপ থেকে যাত্রীরা ৫ শতাংশ ছাড়ে কিউ আর কোড ভিত্তিক টিকিট কাটতে পারবেন।

উল্লেখ্য এতদিন মেট্রোর ব্লু, গ্রীন ও অরেঞ্জ লাইনে এই সুবিধা থাকলেও সম্প্রতি চালু হওয়া এয়ারপোর্ট নোয়াপাড়া ইয়ালো ও জোকা মাঝেরহাট পার্পেল লাইনে এই সুবিধা ছিল না।

---------------------

আকাশবাণী কলকাতার ৯৮ তম বার্ষিকী এবং অল ইন্ডিয়া রেডিও-র ৯০ তম প্রতিষ্ঠা দিবসে আজ কলকাতার কলা মন্দিরে এক মনোজ্ঞ সঙ্গীতানুষ্ঠানের আয়োজন করা হয়।

ইনসার্ট

শাস্ত্রীয় সঙ্গীত থেকে আধুনিক, একক কণ্ঠ সঙ্গীত থেকে অরকেস্ট্রায় জমজমাট ছিল আজকের সন্ধ্যা।

ইনসার্ট

শিল্পীদের মধ্যে রয়েছেন বিশিষ্ট শরদীয়া পন্ডিত রণজিৎ সেনগুপ্ত, রবীন্দ্র সঙ্গীত শিল্পী শ্রাবনী সেন এবং আধুনিক গানের তরুণ তারকা অনুষ্কা পাত্র। অনুষ্ঠানে মূল বক্তব্য রাখেন, আকাশবাণী কলকাতার অবসরপ্রাপ্ত অতিরিক্ত মহানির্দেশক প্রদীপ মিত্র।

উল্লেখ্য, কলকাতায় সংগঠিত বেতার সম্প্রচারের সূচনা হয়েছিল ১৯২৭ সালের ২৬ শে আগষ্ট। গাস্টিন প্লেস থেকে ইডেন গার্ডেন্স, ব্রিটিশ কলকাতার সময় থেকে ডিজিটাল যুগের কলকাতা এই বিশাল সময়ের সাক্ষী আকাশবাণী কলকাতা।

--------------------

ব্যারাকপুর স্টেডিয়ামে আজ কলকাতা প্রিমিয়ার ডিভিশন লিগ ফুটবলে ইষ্টবেঙ্গল ৪-০ গোলে জর্জ টেলিগ্রাফকে হারিয়ে দিয়েছে। ইস্টবেঙ্গলের পক্ষে পি ভি বিষ্ণু দুটি, মনোতোষ মাজি ও সায়ন ব্যানার্জী একটি করে গোল করেছেন। ইস্টবেঙ্গল ১০ ম্যাচে ২০ পয়েন্ট নিয়ে লিগ শীর্ষে পৌঁছেছে। বিধাননগর স্টেডিয়ামে ইউনাইটেড স্পোর্টস ক্লাব ২-০ গোলে ডায়মন্ড হারবার এফসিকে পরাজিত করেছে। নৈহাটি স্টেডিয়ামে ভবানীপুর ক্লাব ৪-০ গোলে ক্যালকাটা পুলিশ ক্লাবের বিরূদ্ধে জয়ী হয়েছে।

-------------------- --------------------